

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

আশ্রয়ণ-২ প্রকল্প

তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০১.০২০.০০.০০.১৭৬৬.২০১৮-৩৫৫

তারিখ - ২০/০৩/২০১৯খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

প্রধানমন্ত্রীর কার্যালয়

হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরে ব্যারাক মেরামতের ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ।

সূত্রঃ ০৫.৪১.৩৩০০.০০৯.১৪.০০৭.১৮-৪৭৯, তাং- ১৩/০২/২০১৯ খ্রিঃ।

মহোদয়,

আমি নিম্নলিখিত প্রকল্পগ্রামের বরাবরে ব্যারাক মেরামতের ব্যয় নির্বাহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে প্রকল্পের বিপরীতে বর্ণিত পরিমাণ অর্থ বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি -

ক্রঃ নং	জেলা	উপজেলা	প্রকল্পের নাম	ব্যারাক সংখ্যা	মোট বরাদ্দকৃত অর্থ	সিলিং অনুযায়ী আইটি এবং ভ্যাট কর্তনকৃত অর্থের পরিমাণ	ছাড়কৃত অর্থের পরিমাণ	মন্তব্য
১	গাজীপুর	কালিয়াকৈর	বান্দাবাড়ী	৪	৮২৮২৩৫.০০	৭৪৫৪১.১৫	৭৫৩৬৯৩.৮৫	টিনের চালা ও বেড়া মেরামত।
			মোট	৪	৮২৮২৩৫.০০	৮২৮২৩.৫০	৭৫৩৬৯৩.৮৫	

কথায় - সাত লক্ষ তিপ্পান্ন হাজার ছয়শত তিরানব্বই টাকা পঁচাশি পয়সা মাত্র)

২। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৬.২০১৯ইং তারিখের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে।

৩। উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথোপযুক্ত হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৪। আর্থিক বিধি ও “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮” এবং সংশোধিত ২০০৯” অনুসরণ করে এবং টেন্ডার ও অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। কার্যাদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ঠিকাদার ১৫ (পনের) দিনের মধ্যে প্রকল্পের কাজ শুরু করতে অসমর্থ হলে কার্যাদেশ বাতিলপূর্বক অত্র কার্যালয়কে অবহিত করতে হবে।

৬। উপজেলা নির্বাহী অফিসার কার্যাদেশ প্রদানের পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে অত্র দপ্তরে পৌছানো নিশ্চিত করবেন।

৭। এই ব্যয় ৪১১১৩১৫ স্মল ক্যাপিটাল ওয়ার্ক(মেরামত) আওতাধীন ১ম হতে ৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

৮। এই ব্যয় ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ১০৩০১০২-২২৪০০০৬০০-৪১১১৩১৫ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।

৯। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০১৯ এর পূর্বে চালানের মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২০২ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১০। পুরাতন মালামাল বিক্রি করে তা ৩০শে জুন, ২০১৯ এর পূর্বে চালানের মাধ্যমে ১০৩০১০২-১৪৪১২৯৯ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১১। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৫/মুসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং-০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪ খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মুসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

১২। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত “emboss” সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।


১৩। উক্ত অর্থ ব্যয়ের পর সংশ্লিষ্ট কোডে হিসাব ভুক্তি করে প্রকল্প অফিসকে অবহিত করার জন্য উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হ'ল।

www.ashrayanpmo.gov.bd

[Download\(Click\)](#)

[Estimate & Design](#)

আপনার বিশ্বস্ত,


২০/৩/২০১৯
(আবুল কালাম শামসুদ্দিন)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন : ৯১২৪১০০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

- ১। জেলা প্রশাসক, গাজীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
- ৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর।
- ৪। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিয়াকৈর, গাজীপুর।
- ৫। প্রকল্প নথি/অফিস কপি।